



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১৩৮১

তারিখঃ ০৬/০৫/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫১৬ তম কমিশন সভা অদ্য ০৬/০৫/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Ratanpur Steel Re-Rolling Mills Limited (RSRM) এর ৪০ টাকা মূল্যমানের ২.৫০ কোটি টি সাধারণ শেয়ার (প্রতিটি শেয়ার ৩০ টাকা প্রিমিয়ামসহ) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১০০.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে চলতি মূলধন অর্থায়ন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। RSRM এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাবসহ বিগত পাঁচ বছর অনুযায়ী (Weighted Average) শেয়ার প্রতি আয় (EPS) ৪.৫৮ টাকা (Consolidated) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৫৩.৬৯ টাকা (পুনঃ মূল্যায়িত)। উল্লেখ্য, RSRM এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Janata Capital and Investment Limited এবং Trust Bank Investment Limited।
২. পুঁজিবাজারের বৃহত্তর স্বার্থে পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের বিশেষ স্কীমের আওতায় সকল পাবলিক ইস্যুতে ২০% কোটা সংরক্ষণের মেয়াদ আগামী ০১ লা জুলাই ২০১৪ ইং তারিখ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত (অর্থাৎ ১ বৎসর) বর্ধিত করার জন্য কমিশন মন্ত্রণালয়ের কাছে সুপারিশ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. এছাড়াও কমিশন আজকের সভায় City Bank Limited এর ৩০০ কোটি টাকার Non-convertible Coupon Bearing Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ৬ বছর। Bond এর বিপরীতে ব্যাংকের নিজস্ব অথবা অন্য সকল প্রাইভেট কমার্শিয়াল ব্যাংকের ৬ মাসের গড় আমানত হার এর মধ্যে যেটি বেশী তার উপর ২.৫০% হারে বার্ষিক কুপন প্রদান করা হবে। ব্যাংকের বর্তমান শেয়ার হোল্ডারগণ ব্যতিত প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি বিক্রয় করে পুঁজি উত্তোলন করা যাবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে পুঁজি উত্তোলন করে City Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ তথা মূলধন পর্যাপ্ততা অনুপাত (capital adequacy ratio) সংরক্ষণ করবে। City Bank Limited, Non-convertible Coupon Bearing Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিজিত মূল্য ১০ লক্ষ টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে IDLC Finance Limited ও Trust Bank Limited।

  
০৬/০৫/২০১৪

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র